

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(সমন্বয় ও সংসদ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৫১.০০.০০০০.২২২.০০৬.০৩.২০- ১৭৯

তারিখঃ ১০ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিসেম্বর ২০২০ মাসের মাসিক সমন্বয় সভা গত ০৬ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

২। উল্লেখ্য যে, সভার সিদ্ধান্তের আলোকে অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে (হার্ডকপি ও সফটকপি) (সমন্বয় ও সংসদ) অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।


(মোঃ হাবিব উল্লাহ)

সহকারী সচিব

ফোনঃ ০১৭১২-১২৫৮৩৮

dscoordination.dmr@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা,
- ২। অতিরিক্ত সচিব.....(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব.....(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার, কক্সবাজার।
- ৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
- ৬। উপসচিব.....(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব..... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। সহকারী সচিব.....(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১ মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতি মন্ত্রীর সদয় অবগতির জন্য), ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(সমন্বয় ও সংসদ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মোহসীন
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
স্থান : সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
সময় : সকাল ৯.৩০ ঘটিকা
তারিখ : ০৬ ডিসেম্বর ২০২০

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ) সভাপতির অনুমতিক্রমে সভার এজেন্ডা ভিত্তিক বিষয়বস্তু উপস্থাপন করেন।

ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	নভেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে বর্ণিত বিষয়ে সংযোজন/ বিয়োজনের বিষয়ে কোন প্রস্তাব/ সুপারিশ না পাওয়ায় কার্যবিবরণী দৃষ্টিকরণের জন্য সকলে একমত পোষণ করেন।	নভেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্য- বিবরণী দৃষ্টিকরণ করা হয়।	সংশ্লিষ্ট সকল
২	পেন্ডিং বিষয় সংক্রান্ত	প্রাপ্ত পেন্ডিং তালিকা পর্যালোচনায় দেখা যায় যে, কোন কোন শাখায় কিছু চিঠি পেন্ডিং আছে। পেন্ডিং চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া পেন্ডিং তালিকা সুনির্দিষ্ট হতে হবে এবং কতদিন যাবৎ এবং কি কারণে পেন্ডিং তা উল্লেখপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। জুলাই/২০২০ হতে যে সকল মাসিক সমন্বয় সভা হয়েছে তার সিদ্ধান্তের অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	১. পেন্ডিং চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। পেন্ডিং তালিকা যাচাই করতে হবে। ২. অনুবিভাগ প্রধানগণ নিজ নিজ অনুবিভাগের পেন্ডিং চিঠির বিষয়ে প্রতিমাসে সভা করবেন। ৩. পেন্ডিং তালিকা সুনির্দিষ্ট হতে হবে এবং তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪. জুলাই/২০২০ হতে যে সকল সমন্বয় সভা হয়েছে সে সকল সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	অনুবিভাগ প্রধান/দপ্তর প্রধানগণ।
৩	প্রশিক্ষণ ও পরিদর্শন	১) অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে, ২০২০-২১ অর্থবছরে মন্ত্রণালয়ের প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ দিয়ে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ শেষ করা প্রয়োজন।	১. যথাযথভাবে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। ২. মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের	

		<p>এজন্য অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।</p> <p>২) সঞ্জিবনী প্রশিক্ষণে কক্সবাজারে যাওয়ার বিষয়ে আলোচনা হয়। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সঞ্জিবনী প্রশিক্ষণ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>৩) বিভিন্ন শাখা কর্তৃক গৃহীত প্রশিক্ষণের তথ্য প্রশিক্ষণ শাখাকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়।</p> <p>৪) কর্মকর্তাগণ এপিএ এর টার্গেট অনুযায়ী বিভিন্ন জেলাতে পরিদর্শন করবেন প্রয়োজনে নিজ জেলাও পরিদর্শন করতে পারবেন মর্মে সচিব মহোদয় জানান।</p>	<p>সঞ্জিবনী প্রশিক্ষণ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৩. বিভিন্ন শাখা কর্তৃক গৃহীত প্রশিক্ষণের কর্মশালার তথ্য প্রশিক্ষণ শাখাকে অবহিত করতে হবে।</p> <p>৪. এপিএ এর টার্গেট অনুযায়ী পরিদর্শন করতে হবে। প্রয়োজনে নিজ জেলাও পরিদর্শন করা যাবে।</p>	
৪	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	<p>১) চট্টগ্রাম বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।</p> <p>২) সামাজিক নিরাপত্তা ও কল্যাণ অডিট অধিদপ্তরের জারীকৃত পত্রের আলোকে ১৯৭১-৭২ সাল হতে ২০০৯-২০১০ সাল পর্যন্ত ৭৩২টি সংবিধিবদ্ধ (সাধারণ) অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। তাছাড়া, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জানানো হয় যে, মোট আপত্তি ৩০৭টি এ পর্যন্ত ২৩২ টি নিষ্পন্ন হয়েছে এবং ৭৫ টি অনিষ্পন্ন রয়েছে। মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক অক্টোবর-২০২০ পর্যন্ত ৩৭টি আপত্তির পুনঃব্রডশীট জবাব ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে। বাকি ৩৮ টি আপত্তির পুনঃব্রডশীট জবাব প্রস্তুতের কাজ চলমান রয়েছে</p> <p>৪.সৌদি সরকার হতে প্রাপ্ত অনুদানের অব্যয়িত টাকার বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>৫. অধিদপ্তরের ১৯৩ কোটি ঋণের টাকা আদায়ের বিষয়ে সভার আলোচনা হয়।</p> <p>৬. অধিদপ্তরসহ সকল অডিট আপত্তির তালিকা তৈরীর উপর গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>১) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/উপসচিবগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ জেলাসমূহ পরিদর্শনপূর্বক অনিষ্পন্ন আপত্তিসমূহ দ্বি-পাক্ষিক এবং ত্রি-পাক্ষিক সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করবেন।</p> <p>২) সিপিপিতে internal Audit Team প্রেরণ করতে হবে।</p> <p>৩)সৌদি সরকারের অনুদানের অব্যয়িত টাকার বিষয়ে পরবর্তী সভায় সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।</p> <p>৪) অধিদপ্তরের ১৯৩ কোটি ঋণের টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৫)অধিদপ্তরসহ সকল অডিট আপত্তির তালিকা তৈরী করতে হবে।</p>	<p>মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (সকল)/উপসচিব সকল</p>
৫	গভর্নেন্স ইনোভেশন সংক্রান্ত	<p>এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ১৮-১৯ নভেম্বর ২০২০ তারিখ দুই দিন ব্যাপী নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় জানানো হয়।</p>	<p>১) সভানুষ্ঠানসহ ইনোভেশন টিমের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।</p> <p>২) ইনোভেশনের জন্য নতুন আইডিয়া ইনোভেশন টিম প্রধানের নিকট জমা দিতে হবে এবং উপযুক্ত আইডিয়াসমূহের বাস্তবায়ন করতে</p>	<p>সংশ্লিষ্ট টিমপ্রধান/ কর্মকর্তাগণ</p>

			হবে।	
	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত	এপিএর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। কাজিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনুবিভাগ প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করে কাজিত লক্ষ্যমাত্রা অর্জনের উপায় নির্ধারণ ও এ বিষয়ে অধিক গুরুত্বারোপ করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে এপিএ কার্যক্রম সমূহে যে সকল ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ এখনও অসমাপ্ত রয়েছে তা সমাপ্ত করা প্রয়োজন। সেজন্য তিনি সকলকে এপিএ টার্গেট অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ এবং পরিদর্শন শেষে এ সংক্রান্ত প্রতিবেদন ও সকল রেকর্ড এপিএ টিম লিডারের নিকট প্রেরণ করার জন্য সকল অনুবিভাগ প্রধানগণকে অনুরোধ জানান। তাছাড়া SDG এর টার্গেটের সাথে APA এর Allignment করে কাজ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।	১. এপিএ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। ২. নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ এবং যে সকল কাজ অসম্পূর্ণ রয়েছে তা দ্রুত শেষ করতে হবে। ৩. SDG এর সাথে APA এর Allignment করতে হবে। ৪. APA রিপোর্ট যথাসময়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক/সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
৭	মামলা সংক্রান্ত	সভায় জানানো হয় যে, মহামান্য হাইকোর্টসহ অন্যান্য আদালতে নভেম্বর ২০২০ মাস পর্যন্ত বিচারাধীন মামলার সংখ্যা নিম্নরূপঃ (ক) রীট পিটিশনঃ ৮২টি (খ) সিপিএলএঃ ২২টি (গ)রিভিউ মামলাঃ - (ঘ) কনটেম্পট পিটিশনঃ ১৬টি (ঙ) প্রঃ ট্রাইব্যুনাল (এটি) মামলাঃ ১৩ টি (চ) প্রঃ আপীল ট্রাইব্যুনাল (এএটি) মামলাঃ ০৬ টি মোট ১৩৯টি গুরুত্বপূর্ণ মামলাসহ সকল মামলার অগ্রগতির বিষয়ে বিজ্ঞ কৌশলীগণের সাথে নিয়মিতভাবে যোগাযোগ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।	১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২. বিচারাধীন গুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করতে হবে। ৩. প্রত্যেক মামলায় সরকার পক্ষে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ৪. মামলা সংক্রান্ত বিষয়ে একটি উপস্থাপনা করতে হবে।	অতিরিক্ত সচিব(আইন)/উপ সচিব (আইন)


৮	মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত	মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সেবা অধিশাখা কর্তৃক সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান এবং যথাসময়ে বিল প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ইন্টারনেট স্পীড কাঙ্ক্ষিত পর্যায়ে আনা, টেলিফোন, ইন্টারকম, ডিস লাইন নিরবিচ্ছিন্নভাবে চালু রাখা, অফিস পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়েও আলোচনা হয়। তাছাড়া বিভিন্ন শাখায় চাহিদা অনুযায়ী কম্পিউটার ও কম্পিউটার সরঞ্জামাদি সরবরাহের বিষয়ে আলোচনা হয়।	১. ইন্টারকম, টেলিফোন, ইন্টারনেট, ডিস সচল রাখতে হবে। ২. আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক বিল পরিশোধ করতে হবে। ৩. অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪. চাহিদা অনুযায়ী কম্পিউটার ও কম্পিউটার সরঞ্জামাদি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিঃস যুগ্মসচিব/ /(সেবা) উপসচিব (সে
৯	ওয়েবসাইট হালনাগাদকরণ	মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। মনিটরিং কমিটি বিষয়টি নিয়মিত তদারকি করবেন মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।	মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সংশ্লিষ্ট মনিটরিং কমিটি বিষয়টি নিয়মিত তদারকি করবেন। সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করতে হবে।	সংস্থা প্রধানগণ /সংশ্লিষ্ট কমিটি/ আইসিটি সেল
১০	শূন্য পদে জনবল নিয়োগ	১.এ মন্ত্রণালয়ের শূন্য ৭টি পদের মধ্যে ব্যক্তিগত কর্মকর্তা ১টি এবং সুপারিনটেনডেন্ট ৪টি পদে পদোন্নতি সুপারিশের প্রস্তাব বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক কর্মকর্তা ১টি পদের নিয়োগের কার্যক্রম চলমান মর্মে সভাকে জানানো হয়। এবং অপর ১টি পদে পদোন্নতির নিমিত্ত ফিডার পদধারী কর্মচারী নেই। ২. অধিদপ্তরের শূন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে ৬টি ক্যাটাগরিতে মোট ১০৫ জনকে নিয়োগ আদেশ দেয়া হয়। তন্মধ্যে ১০১ জন যোগদান করেছেন। অধিদপ্তরের অবশিষ্ট নিয়োগ কার্যক্রম অতিসত্ত্বর শুরু করা হবে মর্মে সভায় আলোচনা হয়। সিপিপি'র নিয়োগের বিষয়ে আলোচনা হয়।	১. মন্ত্রণালয়ের শূন্য পদ পূরণের জন্য জরুরি উদ্যোগ গ্রহণ করে শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। পদোন্নতি কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অবশিষ্ট নিয়োগ কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে। ৩. সিপিপি'র নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক , দুব্যঅ/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/সিপিপি /পরিচালক(প্রশাস ন), সিপিপি
১১	প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি	প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করার ব্যাপারে সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণকে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	১. প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ নিশ্চিত করার নিমিত্ত সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের তৎপরতা অব্যাহত রাখতে হবে।	অনুবিভাগের প্রধানগণ ও সংস্থার প্রধানগণ

	প্রতিবেদন এবং সংসদ বিষয়ক তথ্যাদি প্রেরণ		২. অগ্রগতির তথ্যাদির হার্ডকপি ও সফটকপি নির্ধারিত সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	
১২	e-Filing কার্যক্রম সংক্রান্ত।	ইন্টারনেটের গতি বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। e-Filing কার্যক্রমের অগ্রগতি বাড়ানোর বিষয়েও সভায় আলোচনা করা হয়।	১. ইন্টারনেটের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। ২. e-Filing এ মন্ত্রণালয়ের সকলকে অধিকতর আন্তরিক হতে হবে। ৩. e-Filing এর কাজে কারো কোন সমস্যা হলে প্রয়োজনে সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার এর সাথে যোগাযোগ পূর্বক সমস্যা সমাধান করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
১৩	জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা আইন -২০১২ এর আলোকে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বিধিমালা প্রস্তুত করার নিমিত্ত নির্দেশনামতে অতিরিক্ত সচিব (সিপিপি) কে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটির সমন্বয়ে গত ০১/১২/২০২০ তারিখে ২য় সভা করা হয়েছে।	এ বিষয়ে দুত বিধিমালাটি সংশোধন করে উপস্থাপন করতে হবে।	অতিরিক্ত সচিব (সিপিপি)
১৪	প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য জায়গা নির্ধারণ	প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য ঢাকার আশেপাশে জায়গা বরাদ্দ নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে উত্তরা/গাজীপুরে মন্ত্রণালয়ের যে জমি আছে সেখানে প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের বিষয়ে জমি দখলে নেয়ার জন্য জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করা হয়েছে।	প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য স্থান নির্বাচনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (দুব্যঅ)/ অতিঃসচিব (ত্রাণ)
১৫	তালবীজ রোপণ	সভায় জানানো হয় যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় ৬৪ জেলার রাস্তার এক পার্শ্ব/দুই পার্শ্ব ৫১,৮০,৬১৯ (একান্ন লক্ষ আশি হাজার ছয় শত উনিশ)টি তালবীজ রোপন করা হয়েছে। তালবীজের হালনাগাদ তথ্য প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	সারাদেশে তালবীজ রোপন এবং তালের চারাগাছ পরিচর্যা ও মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (দুব্যঅ)/ অতিঃসচিব (ত্রাণ)
১৬	মহাজের সম্পত্তি	বাংলাদেশের বিভিন্ন জেলায় অবাঙালী মহাজেরদের জন্য বরাদ্দকৃত পরিত্যক্ত/অবৈধ দখলদারদের দখলে	জমি উদ্ধারের বিষয়ে গঠিত টাঙ্কফোর্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	মহাপরিচালক (দুব্যঅ)/ অতিঃ

		থাকা জমি উদ্ধারের বিষয়ে সভায় আলোচনা হয়। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থা অধিদপ্তর জানায় প্রায় ৪৫০০ একর এরুপ সম্পত্তি আছে। পর্যায়ের জমি উদ্ধার করতে হবে। এ বিষয়ে টাকফোর্স গঠন করা হয়েছে। আগামী মাসের মধ্যে ১০০০ একর সম্পত্তি উদ্ধারের পরিকল্পনা আছে।	করবেন।	সচিব (প্রশাসন),
১৭	আর্থিক বিধি- বিধান প্রতিপালন	চীফ একাউন্টস এ্যান্ড ফাইন্যান্স অফিসার সভায় জানান যে পুরাতন অর্থবছরের কোন টাকা বর্তমান অর্থবছরে খরচ করতে হলে অর্থ মন্ত্রণালয়ের অনুমতি নেয়া প্রয়োজন। তাছাড়া যথাযথভাবে আর্থিক জিও জারির উপরও তিনি গুরুত্বারোপ করেন।	পুরাতন অর্থবছরের কোন টাকা বর্তমান অর্থবছরে খরচ করতে হলে অর্থ মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে। আর্থিক জিও সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে জারী করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১৮	বিবিধ			
ক	দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ	দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা নিয়মিতভাবে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	মিডিয়া সেল থেকে নিয়মিত দুর্যোগ বার্তা প্রকাশ করতে হবে।	অতিরিক্ত সচিব (এনডিআরসি সি)/ সংশ্লিষ্ট কমিটি
খ	‘পরিচ্ছন্ন-গ্রাম পরিচ্ছন্ন- শহর’	‘পরিচ্ছন্ন-গ্রাম পরিচ্ছন্ন-শহর’ কার্যক্রম ইজিপিপি এর আওতায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	‘পরিচ্ছন্ন-গ্রাম পরিচ্ছন্ন-শহর’ কার্যক্রম ইজিপিপি এর আওতায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক /দুব্যঅ/প্রকল্প পরিচালক, (ইজিপিপি)/উ পসচিব- ত্রাক-১
গ.	বুকলেট প্রস্তুত	সভায় জানানো হয় যে, এফ আর টাওয়ার ও চুড়িহাট্টার অগ্নি দুর্ঘটনা এবং ঘূর্ণিঝড় বুলবুলন ও ঘূর্ণিঝড় ফনির বুকলেটের খসড়া প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে উপসচিব (দুব্য-২) জানান যে, ঘূর্ণিঝড় বুলবুলন এবং ঘূর্ণিঝড় ফনির বুকলেট চূড়ান্ত করা হয়েছে।	১. এফ আর টাওয়ারঃ আহবায়ক- অতিরিক্ত সচিব (পরিঃ ও উন্নঃ) সদস্য-যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব(ত্রাক-২) উপপ্রধান(পরিকল্পনা) এবং পরিচালক ,সিপিপি। ২. চুড়িহাট্টাঃ আহবায়ক- অতিরিক্ত সচিব (ত্রাণ) সদস্য-যুগ্মসচিব (দুব্যক-১), উপসচিব (এনডিআরসিসি)। ৩. ঘূর্ণিঝড় বুলবুলঃ আহবায়ক- অতিরিক্ত সচিব-দুব্যক-২, সদস্য- উপসচিব (দুব্যক-১), উপসচিব (এনডিআরসিসি)। ৪. ঘূর্ণিঝড় ফনিঃ আহবায়ক- অতিরিক্ত সচিব (দুব্যক-২) সদস্য- যুগ্মসচিব (দুব্যক-১), উপসচিব	সংশ্লিষ্ট কমিটি।

			(সিপিপি), উপসচিব (এনডিআরসিসি), উপসচিব, দুব্যক-১)। রিপোর্টটি আর্কাইভ করে রাখতে হবে।	
'ঘ'	'দুর্যোগ সহনীয় বাংলাদেশ নির্মাণে শেখ হাসিনার অবদান' বুকলেট ইংরেজিতে অনুবাদ	মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের নিমিত্ত বুকলেটের প্রথম খসড়া ইংরেজিতে অনুবাদ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	মহাপরিচালক , দুব্যঅ/ অতিরিক্ত সচিব, সমন্বয় ও সংসদ/ প্রশাসন
'ঙ'	মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম।	মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়।	মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বাজেট প্রণয়ন করতে হবে।	মহাপরিচালক দুব্যঅ/অতিরিক্ত সচিব(সকল)/ সদস্য সচিববৃন্দ
'চ'	সিপিপি জাতীয় পুরস্কার প্রসঙ্গে	সভায় জানানো হয় যে সিপিপি'র জাতীয় পুরস্কার প্রাপ্তির নিমিত্ত ফরম পূরণ করে মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব(সিপিপি)/পরিচালক(প্রশাসন), সিপিপি
'ছ'	বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্থ প্রকাশ।	বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্থ প্রকাশ করার কার্যক্রম চলমান আছে মর্মে সভায় অবহিত করা হয়।	বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্থটি দ্রুত প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব পরিঃও উন্নয়ন সহ সংশ্লিষ্ট কমিটি

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ মোহসীন)
 সচিব